তথ্য

কোভিড-১৯ টিকাদান প্রক্রিয়া

ভাষা

এপ্রিল 2021



Generalitat de Catalunya

/Salut

সুচীপত্র

কোভিড-১৯ এর বিরুদ্ধে টিকা দেওয়ার প্রক্রিয়াটি কী রকম? 4

কোভিড-১৯ টিকাদান প্রক্রিয়া সংক্রান্ত তথ্য 5

1. আমি একটি টিকার ডোজ পাওয়ার পর কী হবে? 5

/ কোভিড-১৯ এর অনাক্রম্যতায়। 5

/ টিকা কি আমাকে কোভিড-১৯ এ আক্রান্ত হতে বাধা দেয়? 5

/ টিকা নেয়ার পরে যদি আমি কোভিড-১৯ এ আক্রান্ত কারো ঘনিষ্ঠ সান্নিধ্যে আসি, তাহলে কি আমাকে নিজে থেকে আইসোলেশনে থাকতে হবে? 6

/ ভাইরাসটির নতুন রূপগুলি উদ্‌ভূত হলেও এই টিকা কী আমাকে রক্ষা করতে থাকবে? 6

/ যদি আমার টিকা দেওয়ার প্রক্রিয়াতে দুটি ডোজ অন্তর্ভুক্ত থাকে তাহলে আমি দ্বিতীয় ডোজটি কখন পাব? 6

/ কোভিড-১৯ এর বিরুদ্ধে আমার কি প্রতিরোধমূলক ব্যবস্থাগুলি অনুসরণ অব্যাহত রাখা উচিত? 7

/ আমাকে কোভিড-১৯ এর টিকা দেওয়ার কোনও প্রমাণ থাকবে কি? 7

2. সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী কী? 7

3. টিকা দেওয়ার সুবিধা কী কী? 8

ট্রিপটিচ

কোভিড-১৯ এর বিরুদ্ধে টিকা দেওয়ার প্রক্রিয়াটি কী রকম?

স্বীকৃত অঞ্চল।

আপনার স্বাস্থ্য কার্ড (TSI), DNI, NIE বা পাসপোর্ট এবং অ্যাপয়েন্টমেন্টের প্রমাণ প্রস্তুত অবস্থায় পান।

টিকার স্থান।

আপনাকে একটি টিকাদান কেন্দ্র নির্ধারণ করে দেয়া হয়েছে এবং আপনাকে আপনার পালা আসার জন্য অপেক্ষা করতে হবে।

আপনার টিকা নিবন্ধিত তাই আপনি La Meva Salut থেকে টিকা সনদ ডাউনলোড করতে পারবেন।

অপেক্ষার স্থান।

আপনাকে অবশ্যই সবকিছু ঠিকঠাক আছে কিনা এবং আপনার কোনো পার্শ্বপ্রতিক্রিয়া আছে কিনা যাচাই করার জন্য অপেক্ষার স্থানে ১৫ মিনিট অপেক্ষা করতে হবে।

প্রস্থান।

মনে রাখবেন যে আমরা হার্ড ইমিউনিটি অর্জন না করা অবধি আমাদেরকে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত নির্দেশনা মেনে চলতে হবে।



কোভিড-১৯ টিকাদান প্রক্রিয়া সংক্রান্ত তথ্য

1. আমি একটি টিকার ডোজ পাওয়ার পর কী হবে?

/ কোভিড-১৯ এর অনাক্রম্যতায়।

আপনার শরীর **টিকার প্রথম ডোজ পাওয়ার কয়েক দিন পরেই** রোগ প্রতিরোধ ব্যবস্থা তৈরি করতে শুরু করে। এই প্রথম ডোজ ইতোমধ্যে গুরুতর লক্ষণগুলিতে ভোগার সম্ভাবনা হ্রাস করে। টিকার দ্বারা প্রদত্ত সম্পূর্ণ স্তরের রোগ প্রতিরোধ ব্যবস্থা দ্বিতীয় ডোজ পাওয়ার কয়েক দিন পরে অর্জিত হয়।

/ টিকা কি আমাকে কোভিড-১৯ এ আক্রান্ত হতে বাধা দেয়?

আপনি টিকা নেয়ার পরেও কোভিড-১৯ এ আক্রান্ত হতে পারেন; খুব কম টিকাই ১০০% কার্যকর। টিকা নেয়ার পরে, **আপনার শরীরে রোগ প্রতিরোধ ব্যবস্থা তৈরি হতে কয়েক দিন সময় লাগে**, যে কারণে প্রতিরোধমূলক ব্যবস্থা অনুসরণ অব্যাহত রাখা এত গুরুত্বপূর্ণ।

যদি আপনি সংক্রমিত হন তাহলে আপনার যে লক্ষণগুলি দেখা যাবে তা হালকা বা খুব হালকা হবে। আপনার যদি কোভিড -১৯ এর উপসর্গ থাকে, তাহলে আপনাকে নিজে থেকেই আইসোলেশনে থাকতে হবে এবং আপনার স্বাস্থ্যসেবা পেশাজীবীর সাথে যোগাযোগ করতে হবে।

যদি আপনার টিকা দেওয়ার প্রক্রিয়াতে দুটি ডোজ থাকে তাহলে প্রতিটি ডোজের মধ্যবর্তী সময়ে আপনার সংক্রমিত না হওয়াটা গুরুত্বপূর্ণ। তবে, যদি সংক্রমিত হন তাহলে আপনার স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

আপনি টিকা ও রোগ প্রতিরোধ সম্পর্কে আরও তথ্য পেতে পারেন এখানে:
canalsalut.gencat.cat/vacunes-ciutadania

/ টিকা নেয়ার পরে যদি আমি কোভিড-১৯ এ আক্রান্ত কারো ঘনিষ্ঠ সান্যিধ্যে আসি, তাহলে কি আমাকে নিজে থেকে আইসোলেশনে থাকতে হবে?

যদি আপনি কোভিড-১৯ পজিটিভ কারো সংস্পর্শে আসেন, তাহলে আপনাকে আইসোলেশনে থাকতে হবে কেননা এই সময়ের মধ্যে আপনার শরীর অ্যান্টিবডি তৈরি নাও করতে পারে।

/ ভাইরাসটির নতুন রূপগুলি উদ্‌ভূত হলেও এই টিকা কী আমাকে রক্ষা করতে থাকবে?

বর্তমান টিকাগুলি নতুন রূপগুলির বিরুদ্ধে সুরক্ষা দেয়, যদিও প্রতিটি টিকার নিজস্ব বৈশিষ্ট্য রয়েছে এবং ভিন্ন স্তরের অনাক্রম্যতা প্রদান করে। তবুও, টিকা নেয়ার পরে যদি আপনার কোনও কোভিড -19 উপসর্গ দেখা দেয় তাহলে আপনার স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন।

/ যদি আমার টিকা দেওয়ার প্রক্রিয়াতে দুটি ডোজ অন্তর্ভুক্ত থাকে তাহলে আমি দ্বিতীয় ডোজটি কখন পাব?

প্রত্যেকের জন্য টিকার দুটি ডোজ প্রয়োজন হয় না; আপনার ঝুঁকির স্তর, আপনার বয়স বা আপনি যে টিকা নিয়েছেন তার উপর নির্ভর করে আপনাকে দ্বিতীয় ডোজের জন্য

আমন্ত্রণ করা হতে পারে। এই ক্ষেত্রে, আপনার টিকা প্রক্রিয়া শেষ করতে আপনি অ্যাপয়েন্টমেন্টে যাওয়া গুরুত্বপূর্ণ। মনে রাখবেন যে কিছু কিছু টিকার ক্ষেত্রে আপনাকে প্রথম এবং দ্বিতীয় ডোজের মধ্যে কয়েক মাস অপেক্ষা করতে হতে পারে।

/ কোভিড-১৯ এর বিরুদ্ধে আমার কি প্রতিরোধমূলক ব্যবস্থাগুলি অনুসরণ অব্যাহত রাখা উচিত?

হ্যাঁ, টিকা দেওয়া আপনাকে কোভিড-১৯ এর বিরুদ্ধে প্রতিরোধমূলক ব্যবস্থাগুলি অনুসরণ করা থেকে অব্যাহতি দেয় না, অন্তত হার্ড ইমিউনিটি অর্জন না করা পর্যন্ত।

/ আমাকে কোভিড-১৯ এর টিকা দেওয়ার কোনও প্রমাণ থাকবে কি?

হ্যাঁ, **La Meva Salut** টিকা দেয়ার স্থানে আপনি একটি নির্দিষ্ট টিকা সনদ পাবেন যা আপনি ডাউনলোড করতে পারবেন। আপনি যদি এখনও নিবন্ধন না করে থাকেন তাহলে আপনি যেকোন সময় নিবন্ধন করতে পারবেন এখানে: lamevasalut.gencat.cat/alta

2. সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলি কী কী?

/ টিকাগুলি সংক্রামক এজেন্টের বিরুদ্ধে টিকা দেওয়া ব্যক্তির মধ্যে একটি অনাক্রম্য প্রতিক্রিয়া ট্রিগার করার জন্য ডিজাইন করা হয়েছে।

/ আপনি নিম্নলিখিত লক্ষণগুলি অনুভব করতে পারেন:

- / ইনজেকশন দেয়ার স্থানে ব্যথা এবং ফোলা।
- / ক্লান্তি।
- / মাথাব্যথা।
- / হালকা জ্বর।



এই লক্ষণগুলির যদি কোনওটি থেকে যায় তবে **La Meva Salut** এ একটি অ্যাপয়েন্টমেন্ট বুক করুন বা আপনার প্রাথমিক সেবা কেন্দ্রে বা 061 নম্বরে কল করুন।

/ আপনার **প্রাথমিক সেবা কেন্দ্র** বা **061** নম্বরে কল করুন যদি আপনার নিম্নলিখিত কোনও লক্ষণ থাকে:

- / নিঃশ্বাসের দুর্বলতা।
- / বুক ব্যথা।
- / বাহু বা পায়ে ফোলাভাব বা ব্যথা।
- / তিন দিনেরও বেশি সময় ধরে গুরুতর মাথাব্যথা।
- / অস্পষ্ট বা দ্বিগুণ দৃষ্টি।
- / একাধিক ছোট ঘা।
- / ত্বকে লাল বা বেগুনি দাগ।
- / টিকার একটি ডোজ পাওয়ার পরে, কঠোর অনুশীলন এড়িয়ে চলুন এবং পরিমিতভাবে সক্রিয় থাকুন।

3. টিকা দেওয়ার সুবিধা কী কী?

/ টিকা দেহকে উত্তেজিত করে **ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সক্ষম অ্যান্টিবডিগুলি উৎপাদন করে**।

/ অন্যান্য ধরনের করোনভাইরাস সম্পর্কে পূর্ববর্তী গবেষণা এবং **অভূতপূর্ব বৈশ্বিক সহযোগিতা এবং তহবিল সুরক্ষা এবং কার্যকারিতায়** কোনও আপোষ না করে বিজ্ঞানীদের দ্রুত টিকা তৈরির সুযোগ করে দিয়েছে।

/ **এই মুহূর্তে, মহামারী বন্ধ করার সবচেয়ে কার্যকর উপায় হল টিকা**; টিকা দেয়া একটি ব্যক্তিগত কাজ যা সমগ্র সমাজে একটি বিশাল ইতিবাচক প্রভাব ফেলে।

1 / আপনি অ্যান্টিবডি তৈরি করেন **এবং নিজেকে গুরুতর অসুস্থতা থেকে রক্ষা করেন**।

2 / অন্যদের মধ্যে **ভাইরাস ছড়ানো** থেকে রক্ষা করেন।

3 / **হার্ড ইমিউনিটি** অর্জনে অবদান রাখেন।

4 / ধীরে ধীরে আপনাকে **আপনার স্বাভাবিক জীবনে ফিরে আসতে** সহায়তা করে।

টিকাদান প্রক্রিয়াটির সম্পূর্ণ নির্দেশিকা অ্যাক্সেস করতে canalsalut.gencat.cat/vacunacio-info এ যান বা আপনার মোবাইল দিয়ে কিউআর কোডটি স্ক্যান করুন, যেখানে আপনি আরও তথ্য এবং অন্যান্য প্রশ্নের উত্তর পাবেন।

নিম্নলিখিত লিঙ্কের মাধ্যমে টিকা প্রক্রিয়াটির সম্পূর্ণ গাইড অ্যাক্সেস করুন।

সমাধানের অংশ হওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।

Cuidem el que som

#Avancem #JoEmVacuno

এপ্রিল 2021 ©কাতালোনীয় সরকার। কাতালান স্বাস্থ্য পরিষেবা। DL B-6930-2021